**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের ইতিহাসে সবচেয়ে দীর্ঘ সময়ের সরকার প্রধান হিসাবে থাকার নজির স্থাপন করেছেন।**

**(২) আগামীকাল বিধানসভার বাজেট অধিবেশনের শেষ দিন। শেষ দিনে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট গৃহীত হবার কথা রয়েছে।**

**(৩) আসন্ন এডিসি নির্বাচনে রাষ্ট্রীয় লোক দল তিনটি আসনে প্রতিদ্বন্দিতা করবে |**

**(৪) রাজ্যস্তরের ক্রীড়া প্রতিভা অন্বেষণের কর্মসূচি আজ থেকে শুরু হয়েছে।**

********************************************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের ইতিহাসে সবচেয়ে দীর্ঘ সময়ের সরকার প্রধান হিসাবে থাকার নজির স্থাপন করেছেন। শ্রী মোদী সিকিমের মুখ্যমন্ত্রী পবন কুমার চামলিংয়ের কার্যকালের মেয়াদ ৮৯৩০ দিনের রেকর্ডকে অতিক্রম করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রথমে গুজরাটের মুখ্যমন্ত্রী এবং বর্তমানে দেশের প্রধানমন্ত্রী হিসেবে ৮৯৩১ দিন পূর্ণ করেছেন|

কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে দেশের সবচেয়ে বেশী সময় ধরে সরকার প্রধানের পদে থাকার জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন| আজ সামাজিক মাধ্যমে শ্রী সিং জানান, প্রধানমন্ত্রীর এই যাত্রা দেশের প্রতি তাঁর সেবাভাবের প্রমান|

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রীর সেবা, কঠোর পরিশ্রম এবং অবিচল প্রতিশ্রুতির উপর ভিত্তি করে এই নজির মাইলফলক বলে উল্লেখ করেন|

*****************************

**Assembly last:**

আগামীকাল বিধানসভার বাজেট অধিবেশনের শেষ দিন। সকাল ১১ টা থেকে অধিবেশন শুরু হবে। শেষ দিনে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট গৃহীত হবার কথা রয়েছে। উল্লেখ্য, গত ১৩ মার্চ রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষনের মধ্য দিয়ে শুরু হয়েছিল এই অধিবেশন। ১৬ মার্চ অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ২০২৬-২৭ অর্থবছরের বাজেট পেশ করেন।

*****************************

**CM- North:**

ধর্মনগর বিধানসভা উপ-নির্বাচনকে সামনে রেখে আজ দুপুরে ধর্মনগর জেলা বিজেপি কার্যালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয় বৈঠকে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের দলীয় কার্যক্রম নিয়ে আলোচনা হয়| বৈঠকে প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, বিজেপি মনোনীত প্রার্থী জহর চক্রবর্তী ও অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন| প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উন্নয়নের ধারাকে সমর্থন করার উপ-নির্বাচন বলে মুখ্যমন্ত্রী জানান।

*****************************

**Leader to the Opposition:**

এডিসি নির্বাচন নিয়ে আজ ধর্মনগরে সিপিআইএমের জেলা কার্যালয়ে আয়োজিত এক বৈঠকে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা তথা সিপিএমের

রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী| বৈঠক শেষে রাজ্য সম্পাদক ধর্মনগরের মধুবন উপজাতি গ্রামে এক জনসভায় বক্তব্য রাখেন৷ সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা দলের সম্পাদক অভিজিৎ দে, মহকুমা সম্পাদক রতন রায় সহ অন্যান্যরা।

*****************************

**Rastriya lokdal Party:**

আসন্ন এডিসি নির্বাচনে রাষ্ট্রীয় লোক দল তিনটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে৷ দলের  রাজ্য সভাপতি মনিন্দ্র রিয়াং সাংবাদিক সম্মেলনে প্রার্থীর নাম ঘোষণা করে বলেন, ২৩ মহারানী চেলাগাঙ কেন্দ্রে এনঞ্জোলিনা কাইপেং, ২৫ বীরচন্দ্র কলসি কেন্দ্রে সুবীর কুমার জমাতিয়া এবং ২৬ কাঠালিয়া মির্জা রাজাপুর কেন্দ্রে পূর্বজয় রিয়াং দলের প্রার্থী হচ্ছেন৷আজ দলের নির্বাচনী ইশতেহারও প্রকাশ করা হয়৷ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন দলের ত্রিপুরার ইনচার্জ আশতোষ মিশ্রা, বিজনেস সেলের সভাপতি প্রণব রায় সহ দলের অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**Tea & jhumur festival :**

বামুটিয়ার গণেশ চৌধুরী পাড়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয় প্রাঙ্গণে আজ চা ও ঝুমুর উৎসব অনুষ্ঠিত হয়৷অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে পশ্চিম জেলার জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল জানান, প্রত্যেক চা শ্রমিকদের ঘর, বিনামূল্যে রেশনের ব্যবস্থা করা হয়েছে। ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ জানান, রাজ্যে অকশন সেন্টার চালু হলে রাজ্যের চা আসাম নিয়ে বিক্রি করতে হবে না। এর ফলে চা শ্রমিকরা লাভবান হবে| অনুষ্ঠানে বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা সহ

অন্যান্যরা উপস্থিত ছিলেন| আজকের এই উৎসবে চা শ্রমিকরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন|

*****************************

## JAL UTSHAB:

উদয়পুরে আজ গোমতী জেলাভিত্তিক “জল মহোৎসব অনুষ্ঠিত হয় । পূর্ত বিভাগের পানীয় জল ও স্যানিটেশন উদয়পুর ডিভিশনের উদ্যোগে রাজর্ষি কলাক্ষেত্রে আয়োজিত এই অনুষ্ঠানে জল সংরক্ষণ, বিশুদ্ধ পানীয় জলের গুরুত্ব এবং স্যানিটেশন বিষয়ে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয় । অনুষ্ঠানে সূচনা করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়।

*****************************

## Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে|

*****************************

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**CII:**

কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (সিআইআই) জানিয়েছে যে, চলমান পশ্চিম এশীয় সংঘাতের এই পরিস্থিতিতে ভারত দ্রুত ও ভারসাম্যপূর্ণ পদক্ষেপ নিচ্ছে এবং সরবরাহ শৃঙ্খল, জ্বালানি নিরাপত্তা ও সার্বিক অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় সরকার ও শিল্প উভয়েই একসঙ্গে কাজ করছে। সিআইআই-এর মহাপরিচালক চন্দ্রজিৎ ব্যানার্জী বলেছেন, বছরের পর বছর ধরে অর্থনৈতিক সংস্কার এবং ‘আত্মনির্ভর ভারত’ উদ্যোগের অধীনে সরকারের আত্মনির্ভরশীলতার প্রচেষ্টা দেশের বাহ্যিক ধাক্কা মোকাবেলার সক্ষমতা বাড়িয়েছে।

*****************************

**Mera Yuba Bharat:**

কেন্দ্রীয় যুব বিষয়ক এবং ক্রীড়া মন্ত্রকের উদ্যোগে মেরা যুব ভারত আগামীকাল দেশব্যাপী শহীদ দিবস উপলক্ষে পদযাত্রার আয়োজন করবে। ভারতের শহীদ যুব স্বাধীনতা সংগ্রামীদের শ্রদ্ধা জানিয়ে এই পদযাত্রা হবে। “আমার ভারত

আমার দায়িত্ব" শীর্ষক ভাবনাকে সামনে রেখে দেশের ৭৬৩ টি জেলাতে এই পদযাত্রা অনুষ্ঠিত হবে।

*****************************

**Mega Legal Camp:**

সামাজিক সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে গোমতি জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ কাঁকড়াবন ব্লকের গঙ্গাছড়া স্কুল মাঠে একদিনের মেগা আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিভিন্ন দপ্তরের ১৮ টি স্টলের মাধ্যমে সাধারণ জনগণের মধ্যে সুযোগ সুবিধা প্রদান করা হয়| পাঁচ জন দিব্যাঙ্গজনকে চলন সামগ্রী এবং পাঁচ জন ছাত্রকে খেলার সামগ্রী প্রদান করা হয়।

এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা আইনসভা কর্তৃপক্ষের চেয়ারম্যান রভী ডাইয়া, জেলা সচিব রাজা গুপ্তা, জেলাশাসক রিঙ্কু লাথের সহ অন্যান্যরা।

*****************************

**Press Club Sammelan :**

ত্রিপুরা ওয়াটার ম্যানুফ্যাকচারার ইউনিটির উদ্যোগে আজ আগরতলা প্রেস ক্লাবে রাজ্য কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন জগন্নাথ জিউ মন্দিরের মহারাজ ভক্তি কমল বৈষ্ণব| উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল, আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার প্রমুখ।

*****************************

**BJP Meeting:**

বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্যের পৌরোহিত্যে আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আসন্ন এডিসি নির্বাচন নিয়ে আলোচনা হয়। বৈঠকে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, সমাজ কল্যাণ ও সমাজ

শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায়, বিজেপি সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা সহ অন্যান্য কার্যকর্তারা উপস্থিত ছিলেন।

*****************************

## DYFI Blood Donation :

ডি. ওয়াই. এফ. আই-এর ডুকলি বিভাগীয় কমিটির সম্মেলন উপলক্ষে আজ বড়দোয়ালি সিপিআইএম কার্যালয়ে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক রতন দাস, প্রাক্তন সাংসদ ঝর্ণা দাস বৈদ্য প্রমুখ। শিবিরে ৪৩ জন রক্তদান করেন।

*****************************

## Union Minister:

কেন্দ্রীয় শক্তিমন্ত্রী মনোহর লাল বলেছেন, বিদ্যুৎ প্রত্যেকের জন্য অত্যাবশ্যকীয় এবং সাধারণ মানুষের কাছে সাশ্রয়ী ব্যবহারের সুযোগ পৌঁছে দেওয়া নিশ্চিত করতে হবে। নয়াদিল্লিতে ভারত ইলেক্ট্রিসিটি সম্মেলন-২০২৬ এর সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন যে সৌভাগ্য যোজনা, পি এম সূর্যঘর প্রকল্পের মাধ্যমে দেশের প্রত্যন্ত এলাকার এবং সীমান্ত এলাকাতেও বিদ্যুৎ সংযোগ পৌঁছে গেছে। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, এই সম্মেলন শক্তি ক্ষেত্রে ভবিষ্যৎ নির্ধারণের জন্য একটি মঞ্চ তৈরি করেছে যেখানে নীতি নির্ধারক শিল্পপতি, বিনিয়োগকারী এবং উদ্ভাবকরা একসাথে মিলিত হয়ে শক্তি ক্ষেত্রে ভবিষ্যৎ নিয়ে আলোচনা করবে।

*****************************

## Vice President :

উপরাষ্ট্রপতি সি.পি রাধাকৃষ্ণন বলেছেন, যোগা এবং আয়ুর্বেদের মতো দেশের পারম্পরিক নিরাময় ব্যবস্থা আজ সারা বিশ্বের স্বীকৃতি অর্জন করেছে।

উপরাষ্ট্রপতি আজ মহারাষ্ট্রে ন্যাচারোপিথি গ্রাম সুধার ট্রাস্টের ৮১ তম বার্ষিক উদযাপনের অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বলেন যোগা এবং আয়ুর্বেদ শারীরিক এবং মানসিক উভয় ক্ষেত্রকে উন্নত করে। তিনি জনগণকে প্রাকৃতিক জীবনশৈলীগ্রহণ করার এবং প্রকৃতির কাছাকাছি থাকার জন্য অনুরোধ জানান।

*****************************

**Sammelon:**

ত্রিপুরা চটকল শ্রমিক ইউনিয়নের সম্মেলন ও জুটমিল পেনশনার্স ওয়েলফেয়ার সোসাইটি সাধারণ অধিবেশন যৌথভাবে আজ আগরতলার শ্যামাপ্রসাদ মুখার্জী টাউন হলে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিষ্ট আইনজীবী পুরুষোত্তম রায় বর্মন। এছাড়া সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের আহ্বায়ক ধনমনি সিনহা সহ অন্যান্যরা।

*****************************

**Sports Minister:**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অন্তর্গত ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড-এর উদ্যোগে রাজ্য স্তরের ক্রীড়া প্রতিভা অন্বেষণের কর্মসূচি আজ থেকে শুরু হয়েছে। বাধারঘাটের ত্রিপুরা স্পোর্টস স্কুলে ৩ দিনের এই কর্মসূচির উদ্বোধন করেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন বিধায়ক মীনারানী সরকার সহ দপ্তরের আধিকারিকরা। ব্লক ও জেলা স্তরের নির্বাচন পর্ব শেষ করে রাজ্যভিত্তিক ক্রীড়া প্রতিভা অন্বেষণের মূল পর্বের কর্মসূচিতে সারা রাজ্য থেকে ১১১ জন বালক ও ১১0 জন বালিকা খুদে প্রতিভা অংশ নিচ্ছে।তিনি আরো বলেন, প্রতিভাসম্পন্ন ছেলে মেয়েদের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের লক্ষ্যে কোচিং ক্যাম্পে রাখার পরিকল্পনাও রয়েছে ক্রীড়া দপ্তরের।এই শিবির থেকে নির্বাচিত প্রতিভাবানদের একটি বড় অংশকে বাধারঘাট ও পানিসাগরের দুটি স্পোর্টস স্কুলে ভর্তি

করানোর হবে। এর সাথে কিছু খেলোয়াড়কে ক্রীড়া দপ্তরের অধীনে থাকা বিভিন্ন ডেডিকেটেড কোচিং সেন্টারেও প্রশিক্ষণের সুযোগ দেওয়া হবে।

আজকের এই অনুষ্ঠানে ৬৯তম জাতীয় স্কুল গেমসে রাজ্যের ১৫ জন পদক জয়ী খেলোয়ারকে আর্থিক পুরস্কার দেওয়া হয়।

*****************************

## MLA Cup- Santirbazar:

ভারতীয় জনতা যুব মোর্চার শান্তিরবাজার মন্ডলের উদ্যোগে আজ কাঞ্চননগর স্কুল মাঠে এমএলএ কাপ টি-১৫ নক আউট টেনিস ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়| ফাইনালে জোলাইবাড়ি ইয়ুথ ব্রিগেডকে ৫ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ান হয় লক্ষন দাস একাদশ৷

*****************************

## Weather:

আগামীকাল রাজ্যের সবকটি জেলায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আকাশ সাধারনত: আংশিক মেঘাচ্ছন্ন থাকবে| দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

*****************************